

## NEWS UNIT

## REGIONAL

ALL INDIA RADIO, AGARTALA

Date:28-09-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

### World Tourism Day :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল বিশ্ব পর্যটন দিবস অনুষ্ঠানে বলেছেন, রাজ্য সরকার পর্যটনের বিকাশে বহুমুখী পরিকল্পনা গ্রহণ করে কাজ করছে। আগরতলার রবীন্দ্রভবনে আয়োজিত সংবর্ধনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি আরও বলেন, রাজ্যের পর্যটন শিল্পের বিকাশে উদয়পুরের মাতাবাড়িকে নবকলেবরে সাজানোর উদ্যোগ চলছে। নারকেলকুঞ্জ এবং ডম্বরকে ইতিমধ্যেই পর্যটকদের কাছে আকর্ষণীয় করা হয়েছে। সেখানে লগ হাট চালু করা হয়েছে। বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পের মাধ্যমে রাজ্যের পর্যটন কেন্দ্রগুলির পরিকাঠামো উন্নয়ন করা হচ্ছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, মৎস্য মন্ত্রী সুধাংশু দাস, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার সহ অন্যরা। পর্যটনমন্ত্রী শ্রী চৌধুরী জানান, বন্যায় বিধ্বস্ত মানুষকে বাঁচাতে জীবন বাজি রেখে যারা এগিয়ে এসেছেন তাদের সংবর্ধিত করা হয়।

\*\*\*\*\*

### Press Meet-Food Minister :

খাদ্য ও জনসম্প্রদায় দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী গতকাল সচিবালয়ে জানিয়েছেন দুর্গাপুজো উপলক্ষে রেশন দোকানের মাধ্যমে রাজ্যের ৯ লক্ষ ৮৩ হাজার ভোক্তাকে আগামী অক্টোবর মাসে এক কেজি চিনি, ২ কেজি ময়দা এবং ৫০০ গ্রাম সুজি বিনামূল্যে প্রদান করা হবে। এতে রাজ্য সরকারের খরচ হবে ৬

কোটি ৮৪ লক্ষ টাকা। তাছাড়া রেশন দোকানগুলিতে তিন মাসের বকেয়া চিনিও আগামী মাসেই একসঙ্গে দেয়া হবে।

\*\*\*\*\*

**100 days-Minority Deptt-Minister Kiren Rijiju :**

কেন্দ্রীয় সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী, কিরেন রিজিজু সম্প্রতি জাতীয় সংখ্যালঘু উন্নয়ন ও অর্থ নিগম বা এন.এম-ডি.এফ.সি-র বিগত ১০০ দিনের কর্মসূচির অংশ হিসাবে 'লোক সম্বর্ধন পর্বের' উদ্বোধন করেন। লোক সম্বর্ধন পর্বে" তিনি, জাতীয় সংখ্যালঘু উন্নয়ন ও অর্থ নিগমের মাধ্যমে ২০২৪-২৫ সালে আড়াই লক্ষেরও বেশি সুবিধাভোগীকে ১০০০ কোটি টাকারও অধিক ঋণ দেওয়ার পরিকল্পনা প্রকাশ করেন।

তিনি জানান, "প্রধানমন্ত্রী বিকাশ প্রকল্পের"মাধ্যমে সংখ্যালঘুদের আর্থ-সামাজিক উন্নয়নে আধুনিক এবং পরম্পরাগত উভয় ক্ষেত্রে কাজে দক্ষতা বিকাশের জন্য প্রশিক্ষণ; কারিগরদের জন্য দক্ষতা বৃদ্ধি কর্মশালা, সংখ্যালঘুদের সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ, সংখ্যালঘু মহিলাদের নেতৃত্ব প্রদানে উৎসাহিত করা ও উদ্যোগী তৈরির পদক্ষেপ নেওয়া হয়েছে। অনুষ্ঠানে বলা হয়, সংখ্যালঘু মন্ত্রক হজ যাত্রীদের জন্য অ্যাপ তৈরী করেছে-এর মাধ্যমে তীর্থযাত্রীরা হজ যাত্রা সম্পর্কিত তথ্য পাবেন ও দ্রুত পরিষেবা নেওয়ার সুবিধা পাবেন। ২০২৫ সালের হজ যাত্রার জন্য অ্যাপটিতে ইচ্ছুক তীর্থযাত্রীদের আবেদন প্রক্রিয়াও অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়া, সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী শ্রী রিজিজু গত ১৩ই আগস্ট "জিও পার্সি স্কিম পোর্টাল" চালু করেন।

\*\*\*\*\*

**Ek Ped Maa ke Naam App :**

কেন্দ্রীয় যোগাযোগ ও উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রী জ্যোতিরাদিত্য সিঙ্কিয়া সম্প্রতি 'এক পেড মা কে নাম' নামে একটি অ্যাপের সূচনা করেছেন। ব্যবহারকারীরা এই উদ্ভাবনী অ্যাপের মাধ্যমে

কোথাও গাছের চারা রোপণ করে সেটি তাঁদের মায়ের নামে উৎসর্গ করতে পারবেন। সেই গাছের ছবি আপলোড করা, তার লোকেশন ট্যাগিং, এই গাছের মাধ্যমে কার্বন ক্রেডিট ট্র্যাক করার সুবিধাও এই অ্যাপে রয়েছে। এমনকি সময়ের সঙ্গে সঙ্গে সেই গাছের বেড়ে ওঠার বিষয় এই অ্যাপের মাধ্যমে নজর রাখা যাবে।

\*\*\*\*\*

#### **Swachata Hi Seva :**

স্বচ্ছতা ই সেবা কর্মসূচির অঙ্গ হিসাবে মোহনপুরে আয়োজিত তিনদিনের সাংস্কৃতিক উৎসব গতকাল শেষ হয়েছে। গতকাল সন্ধ্যায় মোহনপুর পুর পরিষদের উদ্যোগে আয়োজিত এই উৎসবে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ। তিনি বলেন, চারপাশকে পরিচ্ছন্ন রাখা আমাদের নৈতিক দায়িত্ব।

\*\*\*\*\*

#### **Ratan Lal Nath :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ গতকাল লেঙ্গুছড়ায় কৃষি কলেজে এক অনুষ্ঠানে বলেছেন, বিজ্ঞানভিত্তিক ফসল উৎপাদন করে আমরা কৃষিতে এগিয়ে যাচ্ছি। ইন্ডিয়ান ফাইটো প্যাথলজিক্যাল সোসাইটির উত্তর পূর্বাঞ্চলীয় জোনাল মিট এন্ড ন্যাশনাল কনফারেন্স এর শেষ দিনে উপস্থিত ছিলেন মন্ত্রী। তিনি বলেন, রাজ্যে ৮৫ শতাংশ কৃষক অল্প জমিতে চাষ করেন। বিপণন ব্যবস্থাপনায় তাদের মানোন্নয়ন ঘটানোই রাজ্য সরকারের লক্ষ্য।

\*\*\*\*\*

#### **Offsite Emergency Mock Drill :**

প্রাকৃতিক গ্যাসের পাইপলাইনে অগ্নিকান্ড আয়ত্তে আনা ও অগ্নিকান্ড প্রতিরোধে কি করা উচিত তা নিয়ে গতকাল নাগিছড়ায় তৃতীয় পর্যায়ের অফসাইট মহড়া অনুষ্ঠিত হয়। পশ্চিম ত্রিপুরা জেলাশাসক কার্যালয়ের উদ্যোগে আয়োজিত এই মহড়ায় গেইল,

ইন্ডিয়াল অয়েল কর্পোরেশন লিমিটেড, নেপকো, ওএনজিসি, টিএনজিসিএল, টিএসইসিএলের প্রতিনিধিগণ সহ এনডিআরএফ-এর প্রথম ব্যাটেলিয়ন, আসাম রাইফেলস, ফায়ার সার্ভিস, আপদামিত্র ও স্বাস্থ্য দপ্তরের কর্মীগণ অংশ নেন। মহড়ার শুরুতে গেইলের অধীনস্থ আনন্দনগর থেকে নেপকো গ্যাস পাইপলাইনে আগুন লাগার মহড়াকে কেন্দ্র করে সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর ও সংস্থার ভূমিকা কি হবে তা গ্রামবাসীদের সম্মুখে তুলে ধরা হয়।

\*\*\*\*\*

**Mayor :**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার গতকাল দশমীঘাটে প্রতিমা নিরঞ্জনের জায়গাটির কাজকর্মের অগ্রগতি পরিদর্শনে যান। সঙ্গে ছিলেন পুর কমিশনার শৈলেশ কুমার যাদব সহ অন্যান্য কর্পোরেটররা। শ্রী মজুমদার বলেন প্রত্যেক বছরের মতো এবারও প্রতিমা নিরঞ্জনের কাজ আধুনিক ভাবে করা হবে।

\*\*\*\*\*

**Chandra Smriti League :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতায় ব্লাডমাউথ ক্লাব চতুর্থ দল হিসেবে সুপার লিগে উঠেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে গতরাতে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় ব্লাডমাউথ ক্লাব ০-১ গোলে এগিয়ে চলো সংঘের কাছে পরাজিত হয়। হারলেও ব্লাডমাউথ ক্লাব শেষচারে খেলা নিশ্চিত করে। এর আগে এগিয়ে চলো সংঘ, রামকৃষ্ণ ক্লাব ও লালবাহাদুর ব্যায়ামাগার সুপার লিগে খেলার যোগ্যতা অর্জন করেছে। আগামীকাল থেকে আগামী তেসরা অক্টোবর পর্যন্ত সুপারলিগে তিন দিনে ছয়টি খেলা হবে।

\*\*\*\*\*

**Weather :**

আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলার বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সর্তকতা জারি করা হয়েছে। আজ আকাশ সাধারণতঃ মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৩ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*